গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# কৈশোরের অগ্রদূত

## বেতার শ্রোতা ক্লাব

কিশোর-কিশোরীদের জন্য গঠিত শ্রোতা ক্লাবের

# নির্দেশিকা

অক্টোবর ২০১৪



Government of the Netherlands

বাংলাদেশ বেতার

unicef

# কিশোর-কিশোরীদের জন্য গঠিত
# কৈশোরের অগ্রদূত বেতার শ্রোতা ক্লাবের নির্দেশিকা


**প্রকাশক**

শিশু ও নারী উন্নয়নে যোগাযোগ কার্যক্রম
বাংলাদেশ বেতার
অক্টোবর ২০১৪

**গ্রন্থস্বত্ব**

বাংলাদেশ বেতার

**সহযোগিতায়**

ইউনিসেফ বাংলাদেশ



**নির্দেশিকা প্রণয়ন**

শেখ মুহাম্মদ রেফাত আলী, বাংলাদেশ বেতার
উম্মে ফারওয়া ডেইজী, কনসালটেন্ট, ইউনিসেফ বাংলাদেশ

**নির্দেশিকা প্রণয়ন সহায়তায়**

মো: সোহেল রানা, বাংলাদেশ বেতার
শিরিন হোসেন, ইউনিসেফ বাংলাদেশ



**প্রকাশকাল**

অক্টোবর ২০১৪








# মুখবন্ধ

শ্রোতাদের বলা হয় রেডিও বা বেতারের প্রাণ। বাংলাদেশের জনসংখ্যার একটি বড় অংশ হচ্ছে কিশোর-কিশোরী। কৈশোর বয়সে নানাবিধ পরিবর্তনের মধ্য দিয়ে যেতে হয় বলে এদের পছন্দ-অপছন্দ, চাওয়া-পাওয়া এতটাই ভিন্ন যে কেবল তাদের টার্গেট করে বেতার অনুষ্ঠান করতে না পারলে তা কখনই গ্রহণযোগ্য হবে না। এসব অনুষ্ঠান অংশগ্রহণমূলক হতে হবে। অনুষ্ঠানে থাকতে হবে সৃজনশীল চিন্তাভাবনার বহিঃপ্রকাশ। এ কার্যক্রমে কিশোর-কিশোরীদের সম্পৃক্ত করাও জরুরি। বাংলাদেশ বেতার তাই তাদের অনুষ্ঠানমালাকে সে আঙ্গিকে ঢেলে সাজাতে চায়। কিছু কিছু পদক্ষেপও নেয়া হয়েছে এজন্য। কিশোর-কিশোরীদের জন্য বেতার শ্রোতা ক্লাব গঠন এমনই একটি উদ্যোগ।

বাংলাদেশ বেতার 'কৈশোরের অগ্রদূত বেতার শ্রোতা ক্লাব' নামে কিশোর-কিশোরীদের জন্য তাদের অংশগ্রহণে, তাদের পরিচালনায় সারা বাংলাদেশে  এ কার্যক্রম ছড়িয়ে দিতে চায়। একাজে পাশে এসে দাঁড়িয়েছে ইউনিসেফ বাংলাদেশ। প্রথম ধাপে ঢাকায় প্রশিক্ষকদের জন্য প্রশিক্ষণের ব্যবস্থা নেয়া হয়েছে। এ প্রশিক্ষণে অংশ নেয়া  কিশোর-কিশোরী, বেতার কর্মী, উন্নয়ন কর্মীরা নিজ নিজ এলাকায়  কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাব গঠনে কাজ করবে। আর তাদের কাজে সহায়তার জন্যই এ কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাব বিষয়ক নির্দেশিকাটি প্রণয়ন করা হয়েছে।

ইউনিসেফ এবং বাংলাদেশ বেতারের যৌথ উদ্যোগে এই নির্দেশিকাটি প্রণয়ন করা হয়েছে। কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাব গঠনে এটি কাজে আসলে আমাদের শ্রম স্বার্থক হবে।



# সুচি


সামাজিক উন্নয়নে বেতার শ্রোতা ক্লাবের ভূমিকা ০৪

বাংলাদেশের প্রেক্ষাপটে কিশোর-কিশোরীদের অবস্থান ০৫

বেতার কার্যক্রমে কিশোর-কিশোরীদের অবস্থান ০৬

কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাব কি ০৭

বেতার শ্রোতা ক্লাবের গঠন ০৮

বেতার শ্রোতা ক্লাবের কার্যক্রম ১১

বেতার শ্রোতা ক্লাবের সহযোগীদের ভূমিকা ১৪

পরিশিষ্ট ১৫




# সামাজিক উন্নয়নে বেতার শ্রোতা ক্লাবের ভূমিকা



যেকোন দেশের সামাজিক উন্নয়নের জন্য ক্লাববদ্ধ গোষ্ঠী গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে। শ্রোতা ক্লাব বা শ্রোতা সংঘ এ ধরনের একটি সংঘবদ্ধ গোষ্ঠী। বেতারে প্রচারিত অনুষ্ঠান শোনা নিয়ে এ ক্লাবের যাত্রা শুরু হয়। ক্রমান্বয়ে তারা সম্পৃক্ত হতে পারে সামাজিক উন্নয়নের সাথে। বেতার শ্রোতা ক্লাব কোন দাবী আদায়ের লক্ষ্যে কাজ করে না অথবা এ ধরনের কাজে নেতৃত্বও দেয় না। বরং এ ক্লাবসমূহ রেডিও প্রচারনার উন্নতি ও ক্রমবৃদ্ধির জন্য কাজ করে।

বাংলাদেশ বেতারের জন্মলগ্ন থেকেই এ গণমাধ্যমের প্রতি সাধারণ মানুষের যে আগ্রহ দেখা যায়, তারই প্রেক্ষিতে শ্রোতারা অনুষ্ঠান শোনার পাশাপাশি রেডিওতে চিঠি লেখালেখি শুরু করে। বিশেষ করে গ্রামীণ শ্রোতারা সবসময়ই বেতারকে ঘিরে এক নৈকট্য অনুভব করে। আর এভাবেই সমমনা শ্রোতা গোষ্ঠীরা গড়ে তোলে শ্রোতা ক্লাব। রেডিওতে টিউন করে বিভিন্ন দেশের অনুষ্ঠান শোনার প্রতিও মানুষের আগ্রহ সৃষ্টি হয়। আন্তর্জাতিক বেতার সংস্থাগুলি শ্রোতাদের উৎসাহিত করতে নানাবিধ উপহার দিলে বিশেষ করে বাংলা ভাষায় প্রচারিত বেতার সংস্থাগুলোকে ঘিরেও শ্রোতা ক্লাব গড়ে ওঠে। ভয়েস অব আমেরিকা, বিবিসি, এনএইচকে ওয়ার্ল্ড রেডিও জাপান (জাপান ব্রডকাস্টিং কর্পোরেশন), সিআরআই (চায়না রেডিও ইন্টারন্যাশনাল)- এমনই অনেক সংস্থার বাংলাদেশে শ্রোতা ক্লাব রয়েছে। বাংলাদেশে কমিউনিটি রেডিও ও বেসরকারী রেডিও চ্যানেল চালু হবার পর থেকে এক্ষেত্রেও শ্রোতাদের আগ্রহের কমতি নেই।

বর্তমানে শ্রোতা ক্লাবগুলি কেবল রেডিও শোনার মধ্যেই তাদের কর্মকান্ডকে সীমাবদ্ধ রাখে না। বিভিন্ন বেতার সংস্থা ঢাকা অথবা ঢাকার বাইরে ক্লাবগুলিকে নিয়ে শ্রোতা সম্মেলন করে থাকে। বাংলাদেশ বেতার শ্রোতাদের অনুষ্ঠানে আগ্রহী করে তুলতে কুইজ ও বিতর্ক প্রতিযোগিতাসহ নানা আয়োজন করে। উল্লেখ্য, বাংলাদেশ বেতারকে কেন্দ্র করে দেশের বিভিন্ন স্থানে বহু শ্রোতা ক্লাব বা সংঘ কাজ করে যাচ্ছে। মোটামুটিভাবে দেশে প্রায় ১০ হাজার শ্রোতা ক্লাব বিদ্যমান। রেডিও শুনে নিজেরা সচেতন হওয়ার পাশাপাশি শ্রোতারা তাদের ক্লাবের মাধ্যমে নিজ নিজ এলাকায়ও সামাজিক উন্নয়ন কার্যক্রমে অংশ নিচ্ছে ।

বেতারের মাধ্যমে গণযোগাযোগ প্রক্রিয়ার একটি অবিচ্ছেদ্য অংশ হচ্ছে শ্রোতা। অনুষ্ঠানের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য শ্রোতাদের ফিডব্যাক বা প্রতিক্রিয়া জানা জরুরি। বিশেষ করে উন্নয়নমূলক অনুষ্ঠানের ক্ষেত্রে শ্রোতা ক্লাবকে সম্পৃক্ত করতে পারলে কাঙ্খিত জনসচেতনতা ও আচরণগত পরিবর্তন অর্জনও সম্ভব। আর সে কারণে বাংলাদেশ বেতার ইউনিসেফের সহযোগিতায় কিশোর-কিশোরীদের জন্য শ্রোতা ক্লাবের নেটওয়ার্ক গড়ে তোলার উদ্যোগ গ্রহণ করেছে। কৈশোরের অগ্রদূত বেতার শ্রোতা ক্লাব তার নিজস্ব কর্মকান্ডের মাধ্যমে শ্রোতা কার্যক্রমে একটি অনন্য ধারার সৃষ্টি করবে এ প্রত্যাশা আমাদের সকলেরই।

# বাংলাদেশের প্রেক্ষাপটে কিশোর-কিশোরীদের অবস্থান

## কারা কিশোর-কিশোরী ?

- মানুষের শারীরিক বৃদ্ধি ও উন্নয়নের একটি পর্যায়-পূর্ণবয়স্কের পূর্বে এবং শৈশবের পরের সময়কাল যাদের বয়স ১০-১৯ বছর।
- শৈশব কালের পরবর্তীতে দ্রুত শারীরিক বৃদ্ধি ও পরিবর্তন কিশোর কিশোরীদের চরিত্রের অন্যতম বৈশিষ্ট্য।
- আর্থসামাজিক অবস্থা ও সাংস্কৃতিক প্রেক্ষাপটে কিশোর-কিশোরীদের এই সময়ে বিশেষ কিছু বৈশিষ্ট্য থাকে।

## বাংলাদেশে কিশোর-কিশোরীদের জন্য রেডিও শ্রোতা ক্লাব প্রয়োজন কেন?


বিশ্বের সবচেয়ে ঘন বসতিপূর্ণ দেশ বাংলাদেশে কিশোর-কিশোরীদের অবস্থান বিবেচনা করতে গিয়ে আমরা দেখতে পাই-

- বাংলাদেশে ১০ থেকে ১৯ বছর বয়সীদের সংখ্যা ২ কোটি ৯০ লক্ষেরও বেশি। এদের মধ্যে খুব কম সংখ্যকই জীবনতথ্য (facts for life) ও বেঁচে থাকার জন্য প্রয়োজনীয় তথ্যও দক্ষতা (life skill) সম্পর্কে অবহিত।
- বাংলাদেশে বিবাহ নিবন্ধন আইন ১৯২৯ -অনুযায়ী মেয়েদের ক্ষেত্রে বয়স কমপক্ষে ১৮ হতে হবে, কিন্তু এই আইনের প্রয়োগ খুবই সীমিত। শিশু বিবাহের ফলে এর ক্ষতি বা তীব্রতা সম্পর্কে অপর্যাপ্ত জ্ঞান থাকার কারণে কিশোরী মেয়েদের ক্ষেত্রে প্রতি ১০ জনের মধ্যে ৩ জনেরই ১৫-১৯ বছরের মধ্যে বিয়ে হয়ে যায়। আবার ৩০% বাংলাদেশী কিশোর-কিশোরী যাদের বয়স ১৫-১৭ যারা শিশু সুলভ আচরণ করে থাকে তাদের মধ্যে ৬% প্রথম সন্তান নেওয়ার জন্য গর্ভধারণ করে।
- গবেষণা থেকে জানা যায় ২০ বছর বয়সীদের মধ্যে ৫৭% মহিলা প্রশিক্ষিত নার্স বা ডাক্তারের কাছ থেকে সেবা নিয়েছে।
- সকলের জন্য শিক্ষা কার্যক্রম অর্জনের বড় বাধা হলো শিশুশ্রম। গরীব ঘরের শিশুরা শিশুশ্রমের কারণে স্কুলে নিয়মিত নয়, পর্যায়ক্রমে তারা শিক্ষা থেকে ঝড়ে পড়ছে। গবেষণায় দেখা গেছে, ৫-১৭ বছরের ৩২ লক্ষ শিশু শিশুশ্রমের সাথে নিয়োজিত, যাদের মধ্যে ৯০% শিশু অনানুষ্ঠানিক ও ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত এবং ১৩ লক্ষ শিশু বিপদজনক বা ক্ষতিকারক কাজের সাথে জড়িত আছে।
- অনেক সময় শিশুদেরকে জোরপূর্বক বিভিন্ন অস্বস্তিকর, কষ্টকর ও অমর্যাদাকর কাজের সাথে জড়িত হতে বাধ্য করা হয়। এ বয়সের কিশোর-কিশোরীরা ঝুঁকিপূর্ণ শিশু শ্রমের জন্য নেশাসক্ত হতে পারে, দেহ-ব্যবসায়ীদের শিকারে পরিণত হতে পারে এবং পাচারের শিকার হতে পারে।
- বাংলাদেশ সরকার শিশু নির্যাতনকে বিদ্যালয় ও ঘরে সকল জায়গায় নিষিদ্ধ করেছে। কিন্তু দেখা গেছে, ৯১% বিদ্যালয়ে শিশুরা বিভিন্নভাবে শারিরীক নির্যাতনের শিকার হয়। ৮১% বালিকা যাদের বয়স ১৪-১৮ তারা শারিরীকভাবে নির্যাতনের শিকার হচ্ছে এবং কিছু বালক যাদের বয়স ৯-১৩ তাদের মধ্যে ৯৮% নির্যাতনের শিকার হয়।
- আঘাত বা জখমের কারণে প্রতি বছর যত মৃত্যু হয়, তার মধ্যে ৬৪% এরও বেশি হয় ১৫-১৭ বছর বয়সী কিশোর-কিশোরীদের।
- বাংলাদেশে প্রতিদিন ৬ জন কিশোর-কিশোরী আত্মহত্যা করে থাকে।

উপরোক্ত অবস্থাকে বিবেচনায় নিয়ে কিশোর-কিশোরীদেরকে সচেতন করার পদক্ষেপ গ্রহন করা অত্যন্ত জরুরী। সেকারণে বাংলাদেশ বেতার ইউনিসেফের সহযোগিতায় কিশোর-কিশোরীদের জন্য বেতার শ্রোতা ক্লাব গঠণের উদ্যোগ নিয়েছে যার মাধ্যমে কিশোর-কিশোরীদের উন্নয়নমূলক বিভিন্ন বার্তা বিনোদনের মাধ্যমে পৌঁছে দেয়া হবে।


# বেতার কার্যক্রমে কিশোর-কিশোরীদের অবস্থান

বেতার কার্যক্রমকে আমরা সহজভাবে নিচের প্রবাহচিত্রের মাধ্যমে তুলে ধরতে পারি। প্রতিদিনই বেতারে নানারকম অনুষ্ঠান ও সংবাদ প্রচারিত হয়। এজন্য প্রথমেই অনুষ্ঠান পরিকল্পনা করতে হয়। এরপর অনুষ্ঠান বাস্তবায়নের জন্য চুক্তিপত্র, অংশগ্রহণকারীদের সাথে যোগাযোগ ইত্যাদির মত সংগঠনের কাজ করতে হয়। তারপর হয় অনুষ্ঠান ধারণ বা রেকর্ডিং, অনুষ্ঠান সম্পাদনা এবং সবশেষে অনুষ্ঠান সম্প্রচার। সম্প্রচারিত অনুষ্ঠান শ্রোতা শোনেন। শ্রোতার প্রতিক্রিয়া বা ফিডব্যাক জানার চেষ্টা করা হয়। সে অনুসারে অনুষ্ঠানের পরিকল্পনাকে পরবর্তীতে আবার ঢেলে সাজানো হয়।




এ সম্প্রচার চক্রে শেষ ধাপটিতে শ্রোতার অবস্থান। কিন্তু অনুষ্ঠান চূড়ান্ত হওয়ায় শ্রোতার অবস্থানই সবচেয়ে গুরুত্বপূর্ণ। চলমান ধারায় শ্রোতা চিঠি, এসএমএস, ফেসবুক ফ্যানপেইজ, শ্রোতা সম্মেলন, শ্রোতা ক্লাব ইত্যাদির মাধ্যমে শ্রোতা প্রতিক্রিয়া জানিয়ে থাকে। কিন্তু সর্বশেষ ধারণা হচ্ছে সম্প্রচার চক্রের প্রতিটি ধাপে শ্রোতাকে সম্পৃক্ত করে অংশগ্রহণমূলক সম্প্রচার চক্র গড়ে তোলা। এ ভাবনাটি বাংলাদেশ বেতারও সক্রিয়ভাবে বিবেচনা করছে।

বেতারের যে শ্রোতা গোষ্ঠী গড়ে উঠেছে তাতে শ্রোতা ক্লাবের সদস্য হিসেবে কিশোর-কিশোরীরা থাকলেও ক্লাবের নেতৃত্বে তাদের দেখা যায় না। কেবল কিশোর-কিশোরীদের নিয়েও এপর্যন্ত (কৈশোরের অগ্রদূত যাত্রা শুরু করার পূর্ব পর্যন্ত) কোন শ্রোতা ক্লাব সৃষ্টি হয়নি। বেতার অনুষ্ঠানের অন্যতম লক্ষ্য হচ্ছে শ্রোতাদের চাহিদা পূরণ। এক্ষেত্রে কিশোর-কিশোরীদের চাহিদাকে সাধারণ শ্রোতার চাহিদা হিসেবে এক কাতারে ফেলার কোন সুযোগ নেই। আর সেজন্যই বাংলাদেশ বেতার সারা দেশে কিশোর-কিশোরীদের জন্য শ্রোতা ক্লাব গড়ে তুলতে আগ্রহী।




কৈশোরের অগ্রদূত বেতার শ্রোতা ক্লাবের সদস্যরা বেতার অনুষ্ঠান শুনবে, অনুষ্ঠান নিয়ে ভাববে, অনুষ্ঠান থেকে লব্ধ জ্ঞান তার নিজের এলাকার কিশোর-কিশোরীদের সার্বিক উন্নয়নে কাজে লাগাবে। এমনকি এদের মধ্য থেকেই গড়ে উঠতে পারে ভবিষ্যতের সম্প্রচার কর্মীরা, যারা তাদের ভাবনার প্রতিফলণ ঘটাবে তাদের কর্মকান্ডের মাধ্যমে।

# কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাব কী?

## কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের উদ্দেশ্য

বেতার শ্রোতা ক্লাব গঠন ও কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে কিশোর-কিশোরীদেরকে

- তাদের জন্য নির্মিত বেতার অনুষ্ঠান প্রচারের মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক বিষয় জানানো।
- কিশোর-কিশোরীদের জন্য প্রচারিত বেতার অনুষ্ঠান থেকে শিখনসমূহ ক্লাবের সদস্যদের মধ্যে আলোচনার মাধ্যমে নিজেদের জীবনে তা কাজে লাগিয়ে আচরণগত পরিবর্তন করতে উৎসাহিত করা।
- বেতার অনুষ্ঠানের মাধ্যমে শিখনসমূহ থেকে কিশোর-কিশোরীদেরকে বিভিন্ন ধরণের সামাজিক উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণ করার ধারণা দেয়া এবং তাদেরকে সে ধরণের উদ্যোগ গ্রহণ করতে অনুপ্রাণিত করা।
- বেতারে কিশোর কিশোরীদের জন্য উপযোগী অনুষ্ঠান তৈরিতে মতামত প্রদানের মাধ্যমে অনুষ্ঠান তৈরিতে অংশ-গ্রহণ করানো এবং
- বিভিন্ন ধরণের সামাজিক উন্নয়নমূলক উদ্যোগ গ্রহণের মাধ্যমে বিভিন্ন বিষয় সম্পর্কে কথা বলার দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করা।



## কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের বৈশিষ্ট্য

এটি একটি কিশোর-কিশোরী দল যারা:

- একসাথে, নিয়মিত এবং নির্দিষ্ট সময়ে রেডিও শোনে
- রেডিও অনুষ্ঠান নিয়ে নিজেদের মধ্যে আলোচনা করে
- রেডিও অনুষ্ঠানের শিখন পরিবারের সদস্যদের সাথে আলোচনা করে
- রেডিও অনুষ্ঠানের শিখন পাড়া প্রতিবেশীর সাথে আলোচনা করে
- অনুষ্ঠান নিয়ে প্রযোজক ও আয়োজককে মতামত জানায়।



## কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবে যা থাকতে হবে



- একটি কিশোর-কিশোরী দল
- একটি বসার জায়গা
- একটি সোলার বা রেডিও রিসিভার
- কয়েক ধরণের ফরম

# বেতার শ্রোতা ক্লাবের গঠন

## বেতার শ্রোতা ক্লাবের নামকরণ

সারা বাংলাদেশে কিশোর-কিশোরীদের জন্য গঠিত বাংলাদেশ বেতারের এই ক্লাবসমূহ কৈশোরের অগ্রদূত বেতার শ্রোতা ক্লাব নামে পরিচালিত হবে। সংক্ষেপে শ্রোতা ক্লাবগুলি কৈশোরের অগ্রদূত নামে পরিচিত হবে।

সারাদেশে এধরণের শ্রোতা ক্লাব গড়ে উঠবে। প্রতিটি ক্লাব তাদের শাখার নাম নির্ধারণ করবে এবং বাংলাদেশ বেতারে নিবন্ধিত হবে। উদাহরণ স্বরূপ সোনারগাঁওয়ে একটি শাখার নাম হতে পারে-সোনারগাঁও শাখা।

সেক্ষেত্রে শাখাটি কৈশোরের অগ্রদূত বেতার শ্রোতা ক্লাব, সোনারগাঁও শাখা নামে কার্যক্রম পরিচালনা করবে এবং সংক্ষেপে কৈশোরের অগ্রদূত, সোনারগাঁও শাখা নামে পরিচিত হবে।

## কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের সদস্য হবার যোগ্যতা

- ১৪ থেকে ১৯ বছর বয়সী যেকোন কিশোর-কিশোরী বর্ণ, ধর্ম, আর্থ-সামাজিক অবস্থান নির্বিশেষে শ্রোতা ক্লাবের সাধারণ সদস্য হতে পারবে।
- সদস্যদের অবশ্যই বেতার শ্রোতা হতে হবে।
- প্রতিবন্ধী, পথ-কিশোর, প্রান্তিক গোষ্ঠীর কেউ ক্লাবের সদস্য হতে চাইলে তাকে অগ্রাধিকার দেয়া হবে। এছাড়াও ক্লাবে শিক্ষার্থী ও শিক্ষার্থী নয়, এমন গ্রুপের সংমিশ্রণ থাকতে পারবে।
- কিশোর-কিশোরীদের নিয়ে গঠিত বিভিন্ন ক্লাব, মাধ্যমিক স্কুলে অধ্যয়নরত স্কুল বিগ্রেডের সদস্য, পপুলার থিয়েটার গ্রুপ, কিশোর চ্যাম্পিয়ান গ্রুপ, শিশু ও কিশোর নিরাপত্তা গ্রুপ, মাদ্রাসার শিক্ষার্থী, বিদ্যমান কোন বেতার শ্রোতা ক্লাবের সদস্য-সকলেই এ কার্যক্রমে অংশ নিতে পারবে।

## শ্রোতা ক্লাব গঠন প্রক্রিয়া

সকল শ্রোতা ক্লাব গঠনের পদ্ধতি নির্ভর করে ক্লাব এবং এর সহযোগীদের উপর। বিভিন্ন স্থানের প্রেক্ষাপট অনুযায়ী এই পদ্ধতিতে কিছুটা ভিন্নতা থাকতে পারে।

### ১. বন্ধু খোঁজা ও তালিকা তৈরি



বেতার শ্রোতা ক্লাব গঠনের জন্য প্রথমে উদ্যোগী ২/৩ জন তাদের এলাকায় সমমনা কিশোর-কিশোরীদের তালিকা তৈরি করবে। এক্ষেত্রে তারা কিশোর-কিশোরীদের বন্ধু খুঁজতে বিভিন্ন ক্লাব, মাধ্যমিক স্কুলের স্কুল বিগ্রেড, পপুলার থিয়েটার গ্রুপ, কিশোর চ্যাম্পিয়ান গ্রুপ, শিশু ও কিশোর নিরাপত্তা গ্রুপ, মাদ্রাসার শিক্ষার্থীসহ অন্য যে কোন ক্লাবের সাথে যোগাযোগ করবে। খেয়াল রাখতে হবে যে আগ্রহী বন্ধুদের বয়স যেন ১৪ থেকে ১৯ বছরের মধ্যে হয়।

### ২. আলোচনা ও একাত্মতা



তালিকা অনুযায়ী কিশোর-কিশোরীরা সকলকে নিয়ে আলোচনায় বসবে। সেখানে তারা রেডিও শ্রোতা ক্লাব গঠন বিষয়ে মতবিনিময় করবে। যারা যারা আগ্রহ প্রকাশ করবে তাদেরকে নিয়ে প্রাথমিকভাবে রেডিও শ্রোতা ক্লাবের যাত্রা শুরু হবে। তবে এ দলের সকলের পরিষ্কার ধারণা থাকতে হবে-কেন তারা শ্রোতা ক্লাব গঠন করতে চায় এবং শ্রোতা ক্লাবের মাধ্যমে কি কি কাজ করতে হবে। ক্লাবের উদ্দেশ্যের সাথে যারা একাত্মতা প্রকাশ করবে তাদের নাম শ্রোতা ক্লাবের সদস্য হিসেবে প্রাথমিকভাবে একটি খাতায় লিপিবদ্ধ করা হবে।

## ৩. সহায়ক এবং সহ-সহায়ক নির্বাচন




এরপর ক্লাবের কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য যেকোন দুইজন সদস্য বন্ধুকে সহায়ক এবং সহ-সহায়ক হিসেবে নির্বাচন করতে হবে। নানাভাবে সহায়ক এবং সহ-সহায়ক নির্বাচন করা যেতে পারে। যেমন ভোটাভুটির মাধ্যমে, আলোচনার মাধ্যমে ইত্যাদি। নির্বাচিত দুই বন্ধু ছয় মাসের জন্য কিছু নির্ধারিত দায়িত্ব পালন করবে। যেমন-

- সভা পরিচালনায় সহায়তা করা ও আলোচ্য বিষয় লিখে রাখা
- আঞ্চলিক বেতার কেন্দ্রের সাথে যোগাযোগ করা
- ক্লাবের প্রয়োজনীয় কাগজপত্র সংরক্ষণ করা
- সোলার বা রেডিও রিসিভার নিয়মিত চার্জ দেয়া ও সংরক্ষণ করা
- ক্লাবের সিদ্ধান্ত অনুযায়ী অন্যান্য কাজ করা

## ৪. ক্লাব অনুমোদন আবেদন

শ্রোতা ক্লাব গঠিত হলে ক্লাবের সকল সদস্য বন্ধুর নাম-ঠিকানা তালিকাসহ শ্রোতা ক্লাবকে তালিকাভুক্ত করার জন্য ক্লাবের সহায়ক ও সহ-সহায়কের স্বাক্ষরে নিকটবর্তী বেতার কেন্দ্রের আঞ্চলিক পরিচালক বরাবরে আবেদন করতে হবে। আবেদনের একটি নমুনা পরিশিষ্ট-১-এ দেয়া হলো। আঞ্চলিক পরিচালক অথবা তার প্রতিনিধি সরেজমিন তদন্ত করে শ্রোতা ক্লাবের উক্ত শাখাকে তালিকাভূক্ত করবেন বা রেজিষ্ট্রেশন প্রদান করবেন। তালিকাভুক্ত হলে ক্লাবকে সহায়িকা পুস্তিকা দেয়া হবে, যাতে শ্রোতা ক্লাবের শাখাটি প্রয়োজনীয় দিকনির্দেশনা পায়। আঞ্চলিক কেন্দ্রগুলো এক্ষেত্রে সকল শ্রোতা ক্লাবের তালিকাসহ যাবতীয় তথ্য পৃথক ফাইলে লিপিবদ্ধ করে রাখবে। রেজিষ্ট্রেশন প্রদানের ক্ষেত্রে ডিজিটাল পদ্ধতি অনুসরণ করতে হবে ও সকল রেজিস্ট্রেশন নম্বর দশ সংখ্যার হবে।




- প্রথম তিনটি সংখ্যা হবে কেন্দ্র কোড।
- দ্বিতীয় দুইটি সংখ্যা হবে জেলা কোড। এক্ষেত্রে বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো-এর জেলা কোড প্রযোজ্য হবে।
- তৃতীয় '০২' দ্বারা কিশোর-কিশোরী কোড বুঝাবে।
- শেষের তিনটি সংখ্যা হবে কিশোর ক্লাব কোড। প্রতিটি কেন্দ্র ০০১ থেকে শুরু করে ক্লাবকে তালিকাভূক্ত করবে।



- নিম্নে সকল আঞ্চলিক কেন্দ্রের কোড দেওয়া হলো:

| | | | |
|---|---|---|---|
| বাংলাদেশ বেতার, ঢাকা | ১ | ০ | ১ |
| বাংলাদেশ বেতার, চট্টগ্রাম | ১ | ০ | ২ |
| বাংলাদেশ বেতার, রাজশাহী | ১ | ০ | ৩ |
| বাংলাদেশ বেতার, সিলেট | ১ | ০ | ৪ |
| বাংলাদেশ বেতার, রংপুর | ১ | ০ | ৫ |
| বাংলাদেশ বেতার, খুলনা | ১ | ০ | ৬ |
| বাংলাদেশ বেতার, বরিশাল | ১ | ০ | ৭ |
| বাংলাদেশ বেতার, ঠাকুরগাঁও | ১ | ০ | ৮ |
| বাংলাদেশ বেতার, কক্সবাজার | ১ | ০ | ৯ |
| বাংলাদেশ বেতার, রাঙ্গামাটি | ১ | ১ | ০ |
| বাংলাদেশ বেতার, বান্দরবন | ১ | ১ | ১ |
| বাংলাদেশ বেতার, কুমিল্লা | ১ | ১ | ২ |

## ৫. উপদেষ্টা পর্ষদ গঠন

বাংলাদেশ বেতারের আঞ্চলিক পরিচালক, স্থানীয় সুশীল সমাজ ও উন্নয়ন কর্মীদের সমন্বয়ে একটি উপদেষ্টা পর্ষদ গঠন করতে হবে। এক্ষেত্রে বাংলাদেশ বেতারের আঞ্চলিক পরিচালক প্রধান উপদেষ্টা হিসেবে কাজ করবেন।

# বেতার শ্রোতা ক্লাবের কার্যক্রম

কৈশোরের অগ্রদূত বেতার শ্রোতা ক্লাবের কার্যক্রমকে দৃঢ়তা প্রদানের জন্য একটি সুনির্দিষ্ট সাংগঠনিক কাঠামো থাকবে, যার মধ্য দিয়ে কৈশোরের অগ্রদূতের সকল কার্যক্রম পরিচালিত হবে। ক্লাবের সদস্যরা পরিকল্পনার আকারে স্বল্পমেয়াদে ও দীর্ঘমেয়াদে কাজ করবে। বাংলাদেশ বেতারের একটি সুনির্দিষ্ট আঞ্চলিক কেন্দ্রের শ্রোতা হিসেবে ক্লাবের সদস্যরা অনুষ্ঠান শুনবে ও অনুষ্ঠানের মূল্যায়ন করবে। অনুষ্ঠান নির্বাচনের সময় কিশোর-কিশোরীদের চাহিদার সাথে সামঞ্জস্যপূর্ণ বেতার অনুষ্ঠানকে প্রাধান্য দেয়া হবে। শ্রোতা সংক্রান্ত গবেষণায় ক্লাবের সদস্যরা বাংলাদেশ বেতারকে সহায়তা করবে। এক্ষেত্রে তারা নিজেরা মতামত দিবে এবং স্থানীয় এলাকার অন্যান্য শ্রোতাদের মতামত সংগ্রহ ও মূল্যায়ন করবে। কিশোর-কিশোরী শ্রোতারা বাংলাদেশ বেতারের অংশগ্রহণমূলক অনুষ্ঠানের সাথেও সম্পৃক্ত হবে। প্রশিক্ষণের মাধ্যমে শ্রোতা ক্লাব তাদের কার্যক্রমকে সুসংহত করবে। শ্রোতা ক্লাব সদস্যদের ব্যক্তিগত আশা-আকাংখার প্রতি নজর রাখার পাশাপাশি তাদের দৈনন্দিন সমস্যাসমূহ নিয়ে আলোচনার মাধ্যমে সেগুলো সমাধানে সক্রিয় হবে। একই সাথে শ্রোতা ক্লাব তাদের চাহিদামত নানা সামাজিক কর্মকান্ডে নিজেরা সম্পৃক্ত হবে, বেতারকে সম্পৃক্ত করবে। শ্রোতা ক্লাব কিশোর-কিশোরীদের জন্য বাংলাদেশ সরকার এবং ইউনিসেফের নির্ধারিত ইস্যুসমূহকে এক্ষেত্রে অগ্রাধিকার দিবে। আর এর মাধ্যমেই কিশোর-কিশোরীরা তাদের সুন্দর ভবিষ্যত নিশ্চিত করবে।

## শ্রোতা ক্লাবের কার্যক্রম

রেডিও শ্রোতা ক্লাবগুলো মূলত বাংলাদেশ বেতার কেন্দ্রিক তাদের কার্যক্রম সীমাবদ্ধ রাখবে। পরবর্তীতে সামাজিক উন্নয়নমূলক ও কিশোর-কিশোরীদের অধিকার সংশ্লিষ্ট কাজের সাথে সম্পৃক্ত হতে চাইলে প্রধান উপদেষ্টার সাথে পরামর্শ করে ক্লাবের কর্মপরিধি বৃদ্ধি করতে পারবে। ক্লাবের সদস্যারা পরিকল্পনা করে কাজ করবে। শ্রোতা ক্লাবের কাজ প্রধানত: দুই ধরণের হবে। ক. ক্লাবের আভ্যন্তরীন কাজ এবং খ. ক্লাবের সামাজিক কাজ। নিচে দুই ধরণের কাজের বর্ণনা করা হলো:

### ক. ক্লাবের আভ্যন্তরীন কার্যক্রম

#### ১. অনুষ্ঠান শোনা



বেতার শ্রোতা ক্লাবের সদস্যরা নিয়মিতভাবে বাংলাদেশ বেতারের অনুষ্ঠান বিশেষ করে কিশোর-কিশোরীদের জন্য নির্মিত অনুষ্ঠান শুনবে। বাংলাদেশ বেতারের পক্ষ থেকে সংশ্লিষ্ট আঞ্চলিক কেন্দ্রের মাধ্যমে প্রতিটি ক্লাবকে 'বেতার বাংলা' পত্রিকাটি সরবরাহ করা হবে, যাতে শ্রোতারা বেতারের অনুষ্ঠান সম্পর্কে জানতে পারে।

এ অনুসারে ক্লাবের সদস্যরা দলবদ্ধভাবে বেতার অনুষ্ঠান শুনবে। এছাড়াও প্রতিটি ক্লাবকে ত্রৈমাসিক কিশোর-কিশোরীদের জন্য নির্মিত অনুষ্ঠানের একটি সময়সূচি ('অগ্রদূতের শ্রবণ পরিকল্পনা' নামে) দেয়া হবে। এ অনুসারে অনুষ্ঠান প্রচারের ১৫ মিনিট আগে প্রত্যেক সদস্য ক্লাবের নির্ধারিত স্থানে উপস্থিত হয়ে দলবদ্ধভাবে বেতার অনুষ্ঠান শুনবে। এ কার্যক্রমে অন্তত ৮০% সদস্য উপস্থিত হতে হবে। কেউ উপস্থিত হতে না পারলে আগাম কারণ জানাতে হবে অথবা পরবর্তী সভায় অনুপস্থিতির কারণ ব্যাখ্যা করতে হবে। উপস্থিতির তথ্যাদি রাখার জন্য একটি হাজিরা খাতা থাকবে। হাজিরা খাতার নমুনা পরিশিষ্ট ২-এ দেয়া হলো।

## ২. আলোচনা ও কথোপকথন



ক্লাবের সদস্যরা নির্দিষ্ট প্রচার সময়ে নির্ধারিত স্থানে সমবেত হয়ে একত্রে অনুষ্ঠান শুনে কিশোর-কিশোরীদের প্রেক্ষাপটে মতামত দিবে। এজন্য অনুষ্ঠান শোনার পর সদস্যরা অনুষ্ঠানের সাথে সম্পৃক্ত বিষয় নিয়ে আলোচনা করবে। অনুষ্ঠানের নানাদিক নিয়ে আলোচনার পাশাপাশি কিশোর-কিশোরীরা এ থেকে কি শিখতে পারলো, তা তুলে ধরবে।

আলোচনায় যাতে সকল সদস্যের মতামত ও অংশগ্রহণ নিশ্চিত হয় সেজন্য সহায়ক বা সহ-সহায়ক সঞ্চালক হিসেবে কাজ করবে। দুইজন রেপোর্টিয়ার আলোচনা থেকে প্রাপ্ত বক্তব্যসমূহ সংক্ষেপে লিখিতভাবে সংরক্ষণ করবে। মাঝে মাঝে আলোচ্য বিষয় সম্পর্কে অভিজ্ঞ বা সংশ্লিষ্ট অভিভাবক প্রতিনিধি বা সমাজ প্রতিনিধি অংশগ্রহণ করে কিশোর-কিশোরীদের জানার জগতকে সমৃদ্ধ করতে এবং প্রয়োজনীয় পরামর্শ দিতে পারে।

## ৩. অনুষ্ঠান সম্পর্কে মতামত

ক্লাবের সদস্যরা বেতার অনুষ্ঠান শোনার পর অনুষ্ঠানকে আরও ভাল, আকর্ষণীয়, অংশগ্রহণমূলক এবং তাদের উপযোগী করার জন্য মতামত বা ফিডব্যাক দিবে।

## খ. ক্লাবের সামাজিক কার্যক্রম

## ১. আত্ম ও সামাজিক উন্নয়নের উদ্যোগ



আলোচনার প্রেক্ষিতে সদস্যরা তাদের শিখনকে নিজেদের জীবনে কিভাবে ব্যবহার করবে তার সিদ্ধান্ত নিবে। তারা দলবদ্ধভাবে সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য চেষ্টা করবে। নিজেদের কাজের মূল্যায়ন করবে এবং প্রয়োজনে কর্মপদ্ধতি পরিবর্তন বা পরিবর্ধন করবে। শিখনকে কেন্দ্র করে কিশোর-কিশোরীরা নিজেদের এলাকার জন্য বিভিন্ন বিষয়ে উদ্যোগ নিবে। যেমন: বাল্য বিবাহ, হাত ধোয়া, স্যানিটেশন ইত্যাদি। এক্ষেত্রে তারা এলাকার আরও অন্যান্য ক্লাব বা গ্রুপের সাথে যোগাযোগ করে যৌথ কর্মসূচী নিতে পারে। এধরণের কাজে স্থানীয় শ্রমজীবি কিশোর বা বাল্য বিবাহের ঝুকিতে থাকা কিশোরী বা যাদের এ তথ্য জানা দরকার তাদের অন্তর্ভূক্ত করবে।

## ২. বেতার অনুষ্ঠান নির্মাণে অংশগ্রহন



আঞ্চলিক কেন্দ্রের পক্ষ থেকে শ্রোতা ক্লাবকে রেকর্ডিং যন্ত্র সরবরাহ করে অনুষ্ঠান নির্মাণ সংক্রান্ত প্রশিক্ষণ দেয়া হবে। সে আলোকে শ্রোতা ক্লাব প্রাথমিকভাবে আঞ্চলিক কেন্দ্রের সহায়তা নিয়ে ও পরবর্তীতে স্বাধীনভাবে অনুষ্ঠান নির্মাণ করে আঞ্চলিক কেন্দ্রে প্রেরণ করবে। এসব অনুষ্ঠানের মধ্যে থাকবে বেতার অনুষ্ঠান শোনার পর সে আলোকে নিজেদের মধ্যে আলোচনা (অগ্রদূতের কণ্ঠস্বর), যেকোন বিষয় নিয়ে স্থানীয় লোকজনের বিশেষত কিশোর-কিশোরীদের সাক্ষাৎকার, বিতর্ক, উপস্থিত বক্তৃতা, উদ্দীপনামূলক নাটক, গান ইত্যাদি।





## বেতার শ্রোতা ক্লাবের সহযোগীদের ভূমিকা

### বাংলাদেশ বেতার, সদর দপ্তর (কেন্দ্রীয় ইউনিট) এর ভূমিকা

- জাতীয় পর্যায়ে কৈশোরের অগ্রদূত বেতার শ্রোতা ক্লাবের যাবতীয় কর্মকান্ড সমন্বয় ও আঞ্চলিক কেন্দ্রসমূহকে শ্রোতা ক্লাবের কার্যক্রমে সহায়তার জন্য প্রয়োজনীয় নির্দেশনা প্রদান।
- কিশোর-কিশোরীদের জন্য অনুষ্ঠান তৈরি ও সম্প্রচার করা।
- ফোন-ইন প্রোগ্রাম পরিচালনা করা।
- অনুষ্ঠানের ফিডব্যাক ফরম বিশ্লেষন করা এবং সে অনুযায়ী প্রোগ্রাম তৈরি করা।
- নির্দিষ্ট সময় অন্তর অন্তর স্থানীয় পর্যায়ে সরাসরি জনগণের মতামত ধারণ করা।
- বিভিন্ন প্রশিক্ষণ, ওরিয়েন্টেশন কর্মসূচী পরিচালনা ও মনিটরিং করা।
- কিশোর-কিশোরীদের উদ্দেশ্যে নির্মিত সকল প্রকার কেন্দ্রীয় ও আঞ্চলিক অনুষ্ঠান সংগ্রহ করে অডিও আর্কাইভ আকারে সংরক্ষণ এবং সম্প্রচারের উদ্দেশ্যে আঞ্চলিক কেন্দ্রসমূহকে সরবরাহ।

### বাংলাদেশ বেতার, আঞ্চলিক কেন্দ্রসমূহের ভূমিকা

- আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন সকল কৈশোরের অগ্রদূত বেতার শ্রোতা ক্লাবের কার্যক্রমকে সফল করতে ক্লাবসমূহকে প্রয়োজনীয় নির্দেশিকা বা গাইডলাইন প্রদান ও উপদেষ্টা পর্ষদের অংশ হিসেবে তত্ত্বাবধান করা।
- আঞ্চলিক পর্যায়ে নিয়মিতভাবে কিশোর-কিশোরীদের উদ্দেশ্যে বিভিন্ন ফরম্যাটে অংশগ্রহণ-মূলক অনুষ্ঠান নির্মাণ এবং সম্প্রচার।
- শ্রোতা ক্লাবের সদস্যদের অনুষ্ঠান নির্মাণ, মতামত প্রদান, অনুষ্ঠান বিশ্লেষণ ইত্যাদি বেতার সংশ্লিষ্ট যাবতীয় বিষয়ে কেন্দ্রীয় ইউনিটের নির্দেশিকা বা গাইডলাইন বাস্তবায়নে সহায়তা প্রদান।
- আঞ্চলিক পর্যায়ে শ্রোতা ক্লাব সংশ্লিষ্ট কার্যক্রমের তথ্যাদি, হিসাব-নিকাশ সংশ্লিষ্ট যাবতীয় কাজ সম্পাদন করা।

### উপদেষ্টা পর্ষদ ও স্থানীয় গণ্যমান্য ব্যক্তিদের ভূমিকা

- শ্রোতা ক্লাবের সদস্যদের উৎসাহ প্রদানের মাধ্যমে নিয়মিতভাবে ক্লাবের কার্যক্রম নিশ্চিত করতে পরামর্শ ও সহায়তা প্রদান।
- শ্রোতা ক্লাবের উন্নয়ন বার্তা সংশিষ্ট আলোচনায় বিষয় সংশিষ্ট ব্যক্তিদের অংশগ্রহণ নিশ্চিত করতে উদ্যোগ গ্রহণ।

### এনজিও-এর ভূমিকা

- বেতার শ্রোতা ক্লাবের সদস্যদের দক্ষতা বৃদ্ধিতে সহায়তা করা।
- বেতার শ্রোতা ক্লাবের কার্যক্রমকে মনিটরিং করা।
- বেতার অনুষ্ঠান সম্প্রচারকে মনিটরিং করা।
- বেতার শ্রোতা ক্লাবের সদসদেরকে বিভিন্ন ফরম পূরণে, সংগ্রহে ও সরবরাহে সহায়তা করা।

### ইউনিসেফের ভূমিকা

- শ্রোতা ক্লাবের সাথে সংশ্লিষ্টদের প্রশিক্ষণ এবং আঞ্চলিক পর্যায়ে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ।
- শ্রোতা ক্লাবের মূল্যায়নের জন্য কিশোর-কিশোরীদের জন্য নির্মিত বেতার অনুষ্ঠান নির্মাণে সহায়তা।
- বেতারের কার্যক্রম এবং সরবরাহসমূহ মনিটরিং করা।
- ত্রৈমাসিক অনুষ্ঠান মূল্যায়ন ফরম বিশ্লেষণ করা।
- সকল শ্রোতা ক্লাবের সদস্যকে শিশু উন্নয়ন ও শিশু অধিকার বিষয়ক প্রশিক্ষণ প্রদান।

# পরিশিষ্ট-১

**শ্রোতা ক্লাব তালিকাভুক্ত করার আবেদনের নমুনা ছক**

রংপুর জেলা
তারিখ ০১.০৯.২০১৪

বরাবর
আঞ্চলিক পরিচালক
বাংলাদেশ বেতার, রংপুর

বিষয়: কিশোর-কিশোরী রেডিও শ্রোতা ক্লাবকে তালিকাভুক্ত করণের আবেদন

মহোদয়,

সবিনয় নিবেদন এই যে, আমরা ..............................................................................
(এলাকা/গ্রাম/শহর/শিক্ষা প্রতিষ্ঠানের নাম) এর সমমনা কিশোর-কিশোরীরা মিলে বেতার শ্রোতা ক্লাব গঠনে আগ্রহী। আমাদের ক্লাবের প্রস্তাবিত নাম ............................................................ ।
আমাদের ক্লাবের সদস্যদের তালিকা এতৎসঙ্গে প্রেরণ করা হলো।

প্রেক্ষিতে, আমাদের শ্রোতা ক্লাবকে আপনার আঞ্চলিক কেন্দ্রে তালিকাভুক্ত করার জন্য অনুরোধ করছি।

নিবেদক

(সহায়কের স্বাক্ষর)
সহায়কের নাম:
ঠিকানা:
টেলিফোন নম্বর:
ইমেইল :

# পরিশিষ্ট-২

## শ্রোতা ক্লাবের কিশোর-কিশোরীদের জন্য অনুষ্ঠানের হাজিরা খাতার নমুনা

মাস ও বছরের নাম: জুলাই ২০১৪
অনুষ্ঠানের নাম: স্বপ্নডানায় আমরা

| ক্রমিক | সদস্য/সদস্যার নাম | ০৫ | ১২ | ১৯ | ২৪ | ৩১ | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১ | বাবর খান | √ | √ | √ | √ | √ | | | |
| ০২ | ইসমত আরা পারভীন | √ | √ | √ | √ | √ | | | |
| ০৩ | আবুল খায়ের | √ | √ | √ | √ | √ | | | |
| ০৪ | কাজল রাণী | √ | √ | √ | √ | √ | | | |
| ০৫ | ফজল আলী | √ | √ | √ | √ | √ | | | |
| ০৬ | শাম্মী আরা খাতুন | √ | √ | √ | √ | √ | | | |
| ০৭ | কেয়া চৌধুরী | √ | √ | √ | √ | √ | | | |
| ০৮ | সত্যজিৎ রায় | √ | √ | √ | √ | √ | | | |
| ০৯ | হুমায়ুন আহমেদ | √ | √ | √ | √ | √ | | | |
| ১০ | সুবর্ণা মজুমদার | √ | √ | √ | √ | √ | | | |
| ১১ | আলাল মিয়া | √ | √ | √ | √ | √ | | | |
| ১২ | মোহম্মদ সাদ | √ | √ | √ | √ | √ | | | |
| ১৩ | তসলিমা বেগম | √ | √ | √ | √ | √ | | | |
| ১৪ | বেগম রোকেয়া | √ | √ | √ | √ | √ | | | |
| ১৫ | তারেক আলী | √ | √ | √ | √ | √ | | | |
| ১৬ | খাদিজা বেগম | √ | √ | √ | √ | √ | | | |

# মনিটরিং টুল্‌স

## অ-১: মৌলিক তথ্য ফরম

ব্যবহারকারী: বাংলাদেশ বেতার - জাতীয় পর্যায়

| ক্রমিক নং | কার্যক্রম | লক্ষ্যমাত্রা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | কর্মী নিয়োগ | | |
| ১.১ | জাতীয় সমন্বয়কারী | | |
| ১.২ | আঞ্চলিক প্রকল্প সমন্বয়কারী | | |
| ২ | উপকরণ উন্নয়ন | | |
| ২.১ | কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের নির্দেশিকা | | |
| ২.২ | কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের সদস্যদের জন্য প্রশিক্ষন ম্যানুয়াল | | |
| ২.৩ | প্রোগ্রাম স্ক্রিপ্ট তৈরি | | |
| ৩ | দক্ষতা বৃদ্ধি | | |
| ৩.১ | প্রশিক্ষক প্রশিক্ষন | | |
| ৩.২ | জেলা পর্যায়ে ওরিয়েন্টেশন | | |
| ৩.৩ | উপজেলা পর্যায়ে ওরিয়েন্টেশন | | |
| ৩.৪ | কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের সদস্যদের প্রশিক্ষন | | |
| ৪ | উপকরণ বিতরণ | | |
| ৪.১ | কম্পিউটার/ডেস্কটপ ও ইউপিএস | | |
| ৪.২ | ল্যাপটপ ও প্রিন্টার | | |
| ৪.৩ | ডিজিটাল অডিও রেকর্ডার | | |
| ৪.৪ | ডিজিটাল ক্যামেরা | | |
| ৪.৫ | মটরসাইকেল | | |
| ৪.৬ | সোলার রেডিও | | |
| ৪.৭ | ফ্লিপ চাট | | |
| ৪.৮ | মার্কার | | |
| ৪.৯ | ইজেল বোর্ড | | |
| ৫ | কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাব গঠন | | |
| ৫.১ | উপজেলা পর্যায়ে কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাব | | |
| ৫.২ | ইউনিয়ন পর্যায়ে কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাব | | |

## অ-২: প্রোগ্রাম স্ক্রিপ্ট তৈরি ফরম

ব্যবহারকারী: বাংলাদেশ বেতার - জাতীয় পর্যায়

তারিখ:...........................................................................................................................

প্রোযোজক:......................................................................................................................

বিষয়:..............................................................................................................................

বার্তা:..............................................................................................................................

মূল প্রশ্ন:.........................................................................................................................

রিসোর্স ব্যক্তি:...................................................................................................................

| সময়কাল | আইটেম | স্পিকার/মিউজিক | ট্র্যাক/সোর্স |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| মোট সময়কাল: | | | |

আইটেম কোড:

## অ-৩: রেডিও স্টেশন লগবুক সাপ্তাহিক নম্বর ফরম

ব্যবহারকারী: বাংলাদেশ বেতার - জাতীয় পর্যায়

| লগবুক সাপ্তাহিক নম্বর | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| তারিখ | | | প্রোগ্রাম শিরোনাম | বিষয় | ইস্যু/ ক্যাটাগরি | ধরণ | সময়কাল ঘন্টা/মি:/সে: | অংশগ্রহন কারী | প্রোগ্রাম নম্বর |
| Rec | প্রচার | পূণ:প্রচার | | | | | | | |
| ১ | ২ | ৩ | ৪ | *৫ | ৬ | *৭ | ৮ | *৯ | ১০ |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |
| | | | | | | | | | |

(নিচের কোড নম্বর ব্যবহার করুন)

* ৫ (বিষয়): হাত ধোয়া-১, স্যানিটেশন ও নিরাপদ পানি-২, পিউবারটি-৩, এইচআইভিএইডস্-৪, যৌন ও প্রজনন সংক্রমন স্বাস্থ্য যত্ন-৫, শিশু বিবাহ-৬, কিশোর-কিশোরী পুষ্টি-৭, ইপিআই-টিটি-৮, শারীরিক শাস্তি-৯, শিশু শ্রম-১০
* ৭ (ধরণ): নাটক-১, প্যানেল আলোচনা-২, ম্যাগাজিন-৩, সাংস্কৃতিক প্রেগ্রাম-৪
* ৯ (অংশগ্রহনকারী): প্রফেশনাল-১, কিশোর-কিশোরী-২, সাংস্কৃতিক শিল্পি-৩, স্কুল শিক্ষক/ এসএমসি-৪

## অ-৪: FORM ON QUARTERLY PROGRESS REPORTING

User: Bangladesh Betar at National level

1. Introduction
   a. Project objective
   b. Quarterly objective
   c. Area coverage
   d. Reporting period

2. Capacity Development
   a. Training of Trainers
   b. Orientation at Upazila and Union level
   c. Training of ARLC members

3. Material and Program Development
   a. National level
   b. Regional level
   c. Other

4. Area Wise Broadcast

| Dhaka | | Chittagong | | Khulna | | Rajshahi | | Rangpur | | Sylhet | | Barisal | | Rangamati | | Bandarban | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Number | Theme | Number | Theme | Number | Theme | Number | Theme | Number | Theme | Number | Theme | Number | Theme | Number | Theme | Number | Theme |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | | | | |

5. Analysis of Reporting
   a. Analysis of Adolescent Reporting Action
   b. Analysis of Adolescent Feedback on quality of the program

6. Linkage of the Activities
   (How Betar use their program with other like WDC/parents/Children etc)

7. Monitoring, Evaluation and Documentation
   a. How many personnel of National level visited ARLC
   b. How many personnel of Regional level visited ARLC

8. Opportunities and Challenges

9. Conclusion and Recommendation

## অ-৫ (ক): কিশোর কার্যক্রম প্রতিবেদন ফরম

ব্যবহারকারী: কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের সদস্য

### প্রোগ্রাম শোনার সময়ে বা শেষে

কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের নাম ..............................................................................

ওয়ার্ড .......................................................... ইউনিয়ন ....................................................

উপজেলা ...................................................... জেলা ........................................................

| কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের কার্যক্রম | অবস্থা | মন্তব্য |
|---|---|---|
| প্রোগ্রাম শোনার সেশনের তারিখ | | |
| প্রোগ্রাম শোনার সেশনের স্থান | | |
| প্রোগ্রাম শোনার সেশনের সময় | | |
| অংশগ্রহনকারী | কিশোরী ........ কিশোর......... | |

| গত সেশনের ভিত্তিতে কার্যক্রম | হ্যাঁ | না |
|---|---|---|
| রেডিও সঠিকভাবে টিউন করতে পেরেছি | | |
| প্রোগ্রামের শেষে আলাপ আলোচনা করেছি | | |
| ফরম পূরণ করেছি | | |
| ফরম জমা দিয়েছি | | |

| প্রশ্ন | উত্তর |
|---|---|
| প্রোগ্রামের বিষয় কি ছিল এবং সময় কতক্ষন ছিল | |
| কি তথ্য তোমরা জানতে চাও ? (তিনটি উত্তর) | ১.<br>২.<br>৩. |
| | |

**স্বাক্ষর (কো-ফ্যাসিলিটেটর)** **স্বাক্ষর (ফ্যাসিলিটেটর)**

## অ-৫ (খ): প্রোগ্রামের গুণগতমান বিষয়ে কিশোর ফিডব্যাক ফরম

ব্যবহারকারী: কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের সদস্য

### প্রোগ্রাম শোনার সময় বা শেষে

কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের নাম ...............................................................................
ওয়ার্ড ........................................................... ইউনিয়ন ....................................................
উপজেলা ....................................................... জেলা .......................................................

| কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের কার্যক্রম | অবস্থা | মন্তব্য |
|---|---|---|
| প্রোগ্রাম শোনার সেশনের তারিখ | | |
| প্রোগ্রাম শোনার সেশনের স্থান | | |
| প্রোগ্রাম শোনার সেশনের সময় | | |
| অংশগ্রহনকারী | কিশোরী ......... কিশোর......... | |

| প্রশ্ন | উত্তর |
|---|---|
| মূল প্রশ্ন কি ছিল ? | |
| কতজন স্পিকার ছিল? | |
| কতটি প্রশ্ন ছিল? | |
| কোন মিউজিক ছিল কি? | |
| প্রথম প্রশ্নের উত্তর কি? | |
| দ্বিতীয় প্রশ্নের উত্তর কি? (যদি প্রশ্ন থাকে) | |
| তৃতীয় প্রশ্নের উত্তর কি? (যদি প্রশ্ন থাকে) | |
| কোন স্পর্শকাতর বিষয় ছিল কি? থাকলে সেটা কি? | |
| স্পর্শকাতর বিষয়কে কিভাবে উপস্থাপন করতে চাও? | |
| আজকের প্রোগ্রাম সম্পর্কে কিশোর ক্লাবের সদস্য হিসেবে নিজ কমিউনিটিতে তোমাদের কি দায়িত্ব ? | |
| আজকের প্রোগ্রাম সম্পর্কে তোমাদের কমিউনিটিতে অন্তত: দুজনের কি দায়িত্ব হবে? | |
| আজকের প্রোগ্রাম সম্পর্কে যে বার্তা তা কি প্রয়োজনীয়/বাস্তসম্মত/অর্জন যোগ্য? | |
| আজকের প্রোগ্রাম শোণার আগে এ বিষয়ে তোমরা কি কিছু জানতে ? জানলে তা কি ? | |
| আজকের প্রোগ্রাম থেকে ৩টি নতুন শিখন কি? | |
| আজকের প্রোগ্রাম বিষয়ে তোমাদের মতামত কি? | |

| গত সেশনের ভিত্তিতে কার্যক্রম | হ্যাঁ | না |
|---|---|---|
| রেডিও সঠিকভাবে টিউন করতে পেরেছি | | |
| প্রোগ্রামের শেষে আলাপ আলোচনা করেছি | | |
| ফরম পূরণ করেছি | | |
| ফরম জমা দিয়েছি | | |

**স্বাক্ষর (কো-ফ্যাসিলিটেটর)** **স্বাক্ষর (ফ্যাসিলিটেটর)**

# অ-৬: কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাব প্রোগ্রাম পরিকল্পনা ও মনিটরিং ফরম

ব্যবহারকারী: এনজিও (মাসিক/ত্রৈমাসিক)

এনজিও (নাম):......................................................................................................

কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের কর্ম এলাকা: জেলা .............................. উপজেলা ........................

প্রতিবেদনের তারিখ: ...............................................................................................

| ক্রমিক নং | ইন্ডিকেটর | লক্ষ্য দল | অর্জন | অর্জন |
|---|---|---|---|---|
| ১ | কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাব গঠণ সংখ্য | | | |
| ২ | কিশোরী বেতার শ্রোতা ক্লাব সংখ্যা | | | |
| ৩ | কিশোর বেতার শ্রোতা ক্লাব সংখ্যা | | | |
| ৪ | ছেলে-মেয়ে সমন্বয়ে বেতার শ্রোতা ক্লাব সংখ্যা | | | |
| ৫ | কিশোর-কিশোরী বেতার শ্রোতা ক্লাবের সদস্য | | | |
| ৬ | কিশোরী বেতার শ্রোতা ক্লাবের সদস্য | | | |
| ৭ | কিশোর বেতার শ্রোতা ক্লাবের সদস্য | | | |
| ৮ | সেশন সংখ্যা (একটি ক্লাবের জন্য) | | | |
| ৯ | ৭০% সদস্য উপস্থিত হয়েছে এমন ক্লাব সংখ্যা | | | |
| ১০ | আলোচনা লিখিত রয়েছে এমন ক্লাব সংখ্যা | | | |
| ১১ | সকল সাপ্লাই আইটেম আছে এমন ক্লাব সংখ্যা | | | |
| ১২ | সোলার রেডিও কার্যকর হয়েছে এমন ক্লাব সংখ্যা | | | |
| ১৩ | কার্যক্রম পরিচালনা করার এবং সমস্যা মোকাবেলা করার দক্ষতা আছে এমন ক্লাব সংখ্যা | | | |
| ১৪ | কমিউনিটিতে উদ্যোগ নিয়েছে এমন ক্লাব সংখ্যা | | | |
| ১৫ | বেতার প্রোগ্রাম তৈরিতে অংশগ্রহন করেছে এমন ক্লাব সংখ্যা | | | |
| ১৬ | নিয়মিত কিশোর কার্যক্রম প্রতিবেদন ফরম পূরণ করে এমন ক্লাব সংখ্যা | | | |
| ১৭ | নিয়মিত প্রোগ্রামের গুণগত মান বিষয়ে কিশোর ফিডব্যাক ফরম পূরণ করে এমন ক্লাব সংখ্যা | | | |

নাম, পদবী এবং স্বাক্ষর (এনজিও প্রতিনিধি)

## শিশুর জীবন রক্ষা ও উন্নয়ন বার্তা

- শিশুর জন্মের সাথে সাথে শিশুকে পরিষ্কার করে ও পরিষ্কার নরম কাপড় দিয়ে জড়িয়ে মায়ের বুকের দুধ খেতে দিন।
- ৬ মাস বয়স থেকে বুকের দুধের পাশাপাশি শিশুকে বাড়তি খাবার খাওয়ান।
- পাঁচ বছরের কম বয়সী শিশুর শ্বাস কষ্ট হবার সাথে সাথে নিকটস্থ হাসপাতালে নিন।
- শিশুর জন্মের ৪৫ দিনের মধ্যে জন্ম নিবন্ধন করে সার্টিফিকেট সংগ্রহ করুন।
- মা ও গর্ভের শিশুর সুস্বাস্থ্য নিশ্চিত করার জন্য গর্ভবতী মাকে কমপক্ষে চারবার চেক-আপ করান।
- ল্যাট্রিন ব্যবহারের পর, শিশুর খাবার প্রস্তুত করার আগে ও শিশুকে শৌচ করানোর পর সাবান দিয়ে দু'হাত ভালভাবে ধুয়ে নিন।
- আপনার শিশুকে আঘাত পাওয়া থেকে বিশেষ করে পানিতে ডুবে মৃত্যু থেকে রক্ষা করুন এবং
- এইচ আইভি এইড্স থেকে নিজেকে এবং নিজের পরিবারকে রক্ষা করুন।

